

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের হাতে শিক্ষক লাঞ্চিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিদিন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আন্তর্বিভাগ ক্রিকেট খেলায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে গতকাল রোববার শিক্ষার্থীরা ভিনভিন শিক্ষককে লাঞ্চিত করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্রীড়ার মাঠে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী শিক্ষক ও শিক্ষার্থীরা বলেন, গতকাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে আন্তর্বিভাগ ক্রিকেট খেলার প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিভাগের মধ্যে এবং পদার্থবিজ্ঞান বিভাগ অংশ নেয়। খেলার শেষ পর্যায়ে বেলা দেড়টার দিকে প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিভাগের এক খেলোয়াড় মাঠের বাইত্রের্থেকে রঙ্গ-অঙ্গভে গেল পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা উঠক লাঞ্চারি। বিষয়টি দেখতে পেয়ে প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিভাগের অন্য খেলোয়াড়েরা আশ্রয়ভাঙ্গকে বিষয়টি জানান।

আশ্রয়ভাঙ্গ দুই দলের খেলোয়াড়দের নিয়ে বিষয়টি ধীমাংশ করার চেষ্টা করছিলেন। এ সময় পদার্থবিজ্ঞান বিভাগের ৩৮তম ব্যাচের ছাত্র জহিরুল ইসলামসহ সাত-আটজন মাঠের বাইরে থেকে ক্রিকেট স্ট্যাম্প নিয়ে প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিভাগের খেলোয়াড়দের মারতে উদ্যত হন। এ সময় প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিভাগের শিক্ষক মো. মাহমুদুল হাসান, মো. ইব্রাহীম হোসেন ও সূর্যীপ শাম ভাঁদের ধামানোর চেষ্টা করলে তারা শিক্ষকদের লাঞ্চিত করেন। পরে প্রচরিয়াল বড়ির সদস্যরা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। খেলা শেষে শিক্ষক মো. মাহমুদুল হাসান খেলা পরিচালনা কমিটির সভাপতি ও রাতে প্রচরের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন।

শিক্ষক মো. মাহমুদুল হাসান বলেন, 'মাঠে উভয় দলের খেলোয়াড়দের মধ্যে বাগবিতণ্ডা হলে আমরা শিক্ষার্থীদের ধামাতে গেলে পদার্থবিজ্ঞান বিভাগের কয়েক শিক্ষার্থী আমাদের লাঞ্চিত করে।'

শিক্ষকদের লাঞ্চিত করার অভিযোগ অস্বীকার করেছেন শিক্ষার্থী জহিরুল। প্রচর সোহেল আহমেদ বলেন, এ ধরনের উচ্ছৃঙ্খল আচরণের দায়ে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে প্রচরিয়াল আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।